



তারেক রহমানকে নিয়ে কুরূচিপূর্ণ বক্তব্য রাজনৈতিক ষড়যন্ত্র: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, পরিকল্পিত অপপ্রচারের মাধ্যমে তারেক রহমানের ভাবমূর্তি বিনষ্ট করা যাবে না। তিনি অভিযোগ করেছেন, মিটফোর্ডের একটি হত্যাকাণ্ডকে ঘিরে কিছু রাজনৈতিক দল উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভ্রান্তিকর বক্তব্য ছড়াচ্ছে। এ সময় তিনি সরকারের বিরুদ্ধে চক্রান্তের অভিযোগও তোলেন।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে কেন্দ্র করে একটি চক্রান্তমূলক অপপ্রচার চালানো হচ্ছে, যা তার ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত করার অপচেষ্টা—এমন মন্তব্য করেছেন দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

তিনি বলেন, “গত ১৬ বছর ধরে ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে নেতৃত্ব দিয়ে আসছেন তারেক রহমান। তার সুদৃঢ় নেতৃত্বেই ২০২৪ সালের ৫ আগস্ট স্বৈরাচারবিরোধী গণজোয়ার তৈরি হয়।”

বৃহস্পতিবার (১৭ জুলাই) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে কৃষক দল আয়োজিত মিছিল-পূর্ব সমাবেশে তিনি এসব কথা বলেন।

সমাবেশে রিজভী অভিযোগ করেন, “মিটফোর্ডে একটি পূর্বপরিকল্পিত হত্যাকাণ্ডকে কেন্দ্র করে উদ্দেশ্যমূলকভাবে তারেক রহমানকে জড়িয়ে কিছু রাজনৈতিক নেতা অশোভন ও কুরূচিপূর্ণ বক্তব্য দিচ্ছেন, যা অত্যন্ত দুঃখজনক ও অনভিপ্রেত।”

তিনি আরও বলেন, “গণতান্ত্রিক প্রক্রিয়া ও সুষ্ঠু নির্বাচনের বিরুদ্ধে দেশে চক্রান্ত চলছে। কিছু রাজনৈতিক দল গণতান্ত্রিক রাজনীতি পছন্দ করে না, কারণ তারা জানে সৎ ও অবাধ ভোটে তারা জয়ী হতে পারবে না।”

এই সময় রিজভী প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছবি অবমাননারও তীব্র নিন্দা জানান এবং সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে রাজপথে প্রতিরোধ গড়ার আহ্বান জানান।